

## বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ

১১-১৭ মার্চ ২০২৫

সতর্কবার্তা: ০৫

### মূলবার্তা

বাংলাদেশের রাজশাহী, রংপুর, ফরিদপুর, খুলনা এবং বরিশাল বিভাগের কিছু কিছু অঞ্চলে গমের পাতার মরিচা রোগের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। বেশিরভাগ অঞ্চলে গম ফসল এখন মূলত দুধ থেকে পরিপক্বতার পর্যায়ে রয়েছে। তবে দেরিতে বপন ফসল এর ক্ষেত্রে রোগ সংক্রমণের সম্ভাবনা রয়েছে। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের দক্ষিণ, মধ্য এবং পূর্বাঞ্চলে গমের পাতা এবং কান্ডে মরিচা রোগ সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে।

### পরামর্শ

বাংলাদেশ এর দক্ষিণ-পশ্চিম জেলা মেহেরপুর এ গমের ব্লাস্ট রোগের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে ১৭ মার্চ এর পরে বাংলাদেশের দেশের কোথাও কোথাও হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার কারণে গমের ব্লাস্ট রোগের সংক্রমণের মাত্রা বাড়াতে পারে। দেশের দক্ষিণাঞ্চলের কৃষকদের গমের ব্লাস্ট রোগের সংক্রমণের নিয়ন্ত্রণে সতর্ক থাকতে হবে। রোগ সংবেদনশীল জাতের ক্ষেত্রে কৃষক ভাইদের বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

### সুপারিশ

কৃষকের মাঠে গমের মরিচা এবং ব্লাস্ট রোগ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরি ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডাব্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।